

জীবনমরণের সীমানা ছাড়ায়ে,  
বন্ধু হে আমার, রয়েছ দাঁড়ায়ে ॥

এ মোর হৃদয়ের বিজন আকাশে  
তোমার মহাসন আলোতে ঢাকা সে,  
গভীর কী আশায় নিবিড় পুলকে  
তাহার পানে চাই ছু বাহু বাড়ায়ে ॥

নীরব নিশি তব চরণ নিছায়ে  
আঁধার-কেশভার দিয়েছে বিছায়ে ।

আজি এ কোন্ গান নিখিল প্রাণিয়া  
তোমার বীণা হতে আসিল নাণিয়া !  
ভুবন মিলে যায় সুরের রগনে,  
গানের বেদনায় যাই যে হারায়ে ॥